

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)- ১২২

তারিখঃ ১৪ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ
২৮ মার্চ, ২০১৬ খ্রি.

বিষয় : অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ জারি হওয়ার পর বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির দাবীদারগণের আবেদন দাখিলের সময়সীমা বর্ধিতকরণ।

- সূত্র : (১) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪ তারিখ: ১৪/০৭/২০১৪ খ্রি.
(২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৯২ তারিখ: ০৭/০৭/২০১৫ খ্রি.
(৩) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২১ তারিখ: ০৭/০১/২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে 'খ' তফসিল বাতিল হওয়ায় উক্ত বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের জন্য ১নং সূত্রোক্ত স্মারকে জারিকৃত পরিপত্রে বর্ণিত আবেদন দাখিল করার সময়সীমা পরবর্তীতে ২নং সূত্রোক্ত স্মারকে ৩১/১২/২০১৫ খ্রি: তারিখ পর্যন্ত এবং তৎপরবর্তীতে ৩নং সূত্রোক্ত স্মারকে ৩১/০৩/২০১৬ খ্রি: তারিখ পর্যন্ত পুন:নির্ধারণ করা হয়েছিল। জনস্বার্থে উক্ত সময়সীমা বর্ধিত করে আগামী ৩০/০৬/২০১৬ খ্রি: তারিখ পর্যন্ত পুন:নির্ধারণ করা হলো।

২। বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের আবেদন দাখিলের সময়সীমা বৃদ্ধির বিষয়টি জেলা প্রশাসকগণ ব্যাপক প্রচারের মাধ্যমে জনগণকে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। জেলা প্রশাসক ও সহকারী কমিশনার (ভূমি)গণ উক্ত পুন:নির্ধারিত সময়সীমার মধ্যেই এ সংক্রান্ত পুঞ্জীভূত সকল সমস্যা/বিষয় দ্রুত সমাধান নিশ্চিত করবেন।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)- ১২২(১৫০)

তারিখ : ১৪ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ
২৮ মার্চ, ২০১৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
 - ২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
 - ৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
 - ৪। কমিশনার, বিভাগ (সকল)।
 - ৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
 - ৬। জেলা প্রশাসক, (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।
 - ৭। জোনাল সেটেলমেন্ট অফিসার, (সকল)।
 - ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ১০। মাননীয় সভাপতির একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
 - ১১। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ১২। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।)

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮